

প্রশ্নপত্র শ্রেণি- প্রথম (Class- I) সময়ঃ ১ ঘন্টা ৩০মি	গনিত মেধা অন্বেষণ ২০২২ আয়োজকঃ দ্য পাই গ্রুপ অফ ম্যাথামেটিকস Organised by: The Pi Group Of Mathematics (TPGM)	পূর্ণমানঃ ১০০ তারিখ 13/11/2022 রবিবার
---	---	---

* উত্তর লেখার আগে ভালো করে “পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ”-গুলো পড়ে নিতে হবে *

****পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ****

১. উত্তরপত্রের নির্দিষ্ট জায়গায় পরীক্ষার্থীর নাম, পরীক্ষার রোল নম্বর, শ্রেণী এবং বিদ্যালয়ের নাম ঠিকমত লিখতে হবে।
২. প্রতিটি প্রশ্নের মান ২ করে মোট ৫০ টি প্রশ্ন আছে।
৩. প্রশ্নপত্রেই প্রতিটি প্রশ্নের জন্য ৪ টি করে “সম্ভাব্য উত্তর”(Option) প্রশ্নের পাশেই দেওয়া আছে।
৪. উত্তরপত্রে প্রত্যেক প্রশ্নের নম্বরের পাশে ঐ “সম্ভাব্য উত্তর”(Option)-গুলির শুধু নাম্বার, যথাক্রমে (a), (b), (c) এবং (d) দেওয়া আছে।
৫. কোনো প্রশ্নের যে উত্তরটি সঠিক উত্তর পত্রের ঐ প্রশ্নের নম্বরের পাশে শুধু সেই সম্ভাব্য উত্তর(Option)-এর নম্বরটির ওপর “টিক চিহ্ন” (✓) দিতে হবে। যেমন, ধরা যাক ১০. নম্বর প্রশ্নের চতুর্থ অর্থাৎ (d) Option টি সঠিক। তাহলে উত্তর পত্রের ১০. নম্বরের পাশে (d) এর ওপর “টিক চিহ্ন” (✓) দিতে হবে।
৬. কোন ভুল উত্তরের জন্য কোনো নম্বর কাটা হবে না।

- ১) ১ থেকে ৩১ এর মধ্যে কতগুলি ১ আছে? (a) ১৩টি (b) ১২টি (c) ৯টি (d) ১১ টি
- ২) ০০৪ কত অঙ্কের সংখ্যা? (a) ৩ অঙ্ক (b) ২ অঙ্ক (c) ১ অঙ্ক (d) ০ অঙ্ক
- ৩) একটি ফিতাকে ১০ টুকরো করতে কতবার কাটতে হবে? (a) ৯ বার (b) ১০ বার (c) ১১ বার (d) ৮ বার
- ৪) শূন্যকে ২ দিয়ে ভাগ করলে ভাগফল কত হয়? (a) ২ (b) ০ (c) কোনোটিই নয় (d) ৩
- ৫) ৮৮ থেকে ৮ কতবার বিয়োগ করা যায়? (a) ১১বার (b) ১০ বার (c) ৯বার (d) ১২ বার
- ৬) ২ গ্রোস = ? ডজন (a) ১২ ডজন (b) ২৪ ডজন (c) কোনোটিই নয় (d) ৩ ডজন
- ৭) ৫৬ কয়টি ৮ এর সমষ্টি? (a) ৭ (b) ৮ (c) কোনোটিই নয় (d) ৯
- ৮) শূন্য সহ এক অঙ্কের কতগুলি সংখ্যা আছে? (a) ৯ (b) ১০ (c) ১১ (d) ০
- ৯) বিয়োজ্য ও বিয়োজনের মধ্যে কোনটি ছোটো? (a) বিয়োজ্য (b) বিয়োজন (c) সমান (d) কোনওটিই নয়
- ১০) ৪ পক্ষ = ? মাস (a) ১ মাস (b) ২ মাস (c) ৩ মাস (d) ৪ মাস
- ১১) এক অঙ্কের বৃহত্তম জোড় সংখ্যা লেখ (a) ৮ (b) ১০ (c) ১২ (d) ১৩
- ১২) দুই অঙ্কের বৃহত্তম যৌগিক সংখ্যা লেখো। (a) ৯৬ (b) ৯৮ (c) ৯৯ (d) ৯৭
- ১৩) সাধারণ বর্ষে ফেব্রুয়ারী মাস কতদিনে হয়? (a) ৩০দিন (b) ২৮দিন (c) ২৯দিন (d) ৩১দিন

- 14) অক্ষিতা এ সপ্তাহে ৩ দিন স্কুলে গেছে। এই সপ্তাহে অক্ষিতা কতদিন স্কুল যায়নি?
(a) ৩ দিন (b) ৪ দিন (c) ৫ দিন (d) ২ দিন
- 15) আড়াইটা বাজে বলতে কটা বাজে?
(a) ১টা বেজে ৩০ মিনিট (b) ২টা বেজে ৩০ মিনিট (c) ৩টা বেজে ৩০ মিনিট (d) ১২ টা বেজে ৪৫ মিনিট
- 16) ৯৩৫ সংখ্যাটিতে ৯-এর স্থানীয় মান কত? (a) ৯৩৫ (b) ৯০০ (c) ৯ (d) ৫
- 17) ২ মেট্রিক টন = কত কুইন্টাল? (a) ১০ কুইন্টাল (b) ২০ কুইন্টাল (c) ২০০ কুইন্টাল (d) ২০০০ কুইন্টাল
- 18) কতবছর অন্তর লিপ-ইয়ার হয়? (a) ৪ বছর (b) ৩ বছর (c) ৫ বছর (d) ২ বছর
- 19) তুমি প্রতিদিন ১৩টি করে অঙ্ক কষলে এক সপ্তাহে কয়টি অঙ্ক কষবে?
(a) ৭৮ টি (b) ৯১ টি (c) ১৩০ টি (d) ৬৫ টি
- 20) এক ব্যক্তির মাসিক আয় ৫৪০০ টাকা হলে দৈনিক আয় কত?
(a) ০ টাকা (b) ২৭০ টাকা (c) ১৮০ টাকা (d) ৫৪০ টাকা
- 21) দুটি সংখ্যার গুণফল ২৫০, গুণক ৫ হলে গুণ্য কত? (a) ২৫ (b) ৫০ (c) ১০ (d) ২০
- 22) ১০০ থেকে কত বিয়োগ করলে দুই অঙ্কের বৃহত্তম সংখ্যাটি পাওয়া যাবে?
(a) ১ (b) ২ (c) ৩ (d) ৪
- 23) একটি অঙ্কের বিয়োজন ১০৩, বিয়োগফল ৮৯ হলে বিয়োজ্য কত? (a) ১৬ (b) ১৪ (c) ১৯ (d) ২০
- 24) ১৮০ দিনে কত মাস? (a) ৪ মাস (b) ৫ মাস (c) ৬ মাস (d) ৭ মাস
- 25) তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা, তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার থেকে কত বড়ো? (a) ৮৯৯ (b) ৭৯৯ (c) ১০০ (d) ১
- 26) ২৪ মিটার লম্বা বাঁশকে সমান তিন টুকরো করলে, একটি টুকরোর দৈর্ঘ্য কত?
(a) ৬ মি. (b) ৭ মি. (c) ৮মি. (d) ৯মি।
- 27) ২০- এর সাথে কত যোগ করলে ৩০ হবে? (a) ৫ (b) ১০ (c) ২৫ (d) ২০
- 28) ২০২৪ সালের প্রথম তিনমাসের মোট দিনসংখ্যা কত হবে? (a) ৮৯ (b) ৯০ (c) ৯১ (d) ৯২
- 29) রোহিত ও বিরাট মোট ৪০০ রান করেছে। বিরাট একা ২৫১ রান করেছে, রোহিত কত রান করেছে?
(a) ১৪৯ (b) ১৫৯ (c) ২০০ (d) ১৩৯
- 30) ৫৩৯ সংখ্যাটিতে ৩-এর স্থানীয় মান ও প্রকৃত মানের যোগফল কত? (a) ৩৩ (b) ৩০ (c) ৩৯ (d) ৪০
- 31) একজন ফলবিক্রেতার কাছে ১২ ডজন কলা আছে। তার কাছে মোট কয়টি কলা আছে?
(a) ১২০ টি (b) ১৩৬ টি (c) ১৪৪ টি (d) ২৪০ টি
- 32) তোমার ও তোমার বাবার বয়সের সমষ্টি ৩৯ বছর, তোমার বয়স ৬ বছর হলে তোমার বাবার বয়স কত?
(a) ৩২ বছর (b) ৩৩ বছর (c) ৩৪ বছর (d) ৩০ বছর
- 33) দুটি সংখ্যার যোগফল ৫৭। একটি ২৩ হলে অপরটি কত? (a) ৩৪ (b) ২৪ (c) কোনোটিই নয় (d) ২৫
- 34) ঘড়ির ঘন্টার কাঁটাটি একপাক ঘুরতে কত সময় নেবে? (a) ১২ ঘন্টা (b) ৩৬০ মিনিট (c) ১ ঘন্টা (d) ১ দিন
- 35) ১ থেকে ৩০ এর মধ্যে বৃহত্তম মৌলিক সংখ্যাটি কত? (a) ২৩ (b) ২৯ (c) ৩১ (d) ২৭
- 36) ৮ টাকা ২৫ পয়সা = ? পয়সা (a) ৮০০ পয়সা (b) ৮১৫ পয়সা (c) ৮২৫ পয়সা (d) ৮৩৫ পয়সা
- 37) ৩, ০, ৭ দ্বারা গঠিত তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি কত? (a) ০৩৭ (b) ৩০৭ (c) ৭০৩ (d) কোনোটিই নয়

- 38) তিন অঙ্কের সবচেয়ে ছোটো সংখ্যার ছেয়ে ৭৫ সংখ্যাটি কত কম? (a) ২৫ (b) ৩৫ (c) ২৪ (d) ২৬
- 39) এক ডজন কলার দাম ৬০ টাকা হলে এক জোড়া কলার দাম কত?
(a) ১২ টাকা (b) ১৫ টাকা (c) ১০ টাকা (d) ২০ টাকা
- 40) $১ - ২ - ৩ - ৫ + ৯$ এর সরলতম মান কত? (a) ০ (b) ১ (c) ২ (d) ৩
- 41) দুই অঙ্কের এমন একটি ক্ষুদ্রতম সংখ্যা লেখ যার দশকের অঙ্ক এককের অঙ্কের তিনগুন
(a) ৬২ (b) ৩১ (c) ৩৯ (d) ১৩
- 42) কোন্ সংখ্যা, ৪০০ থেকে যত বড়ো, ৬০০ থেকে তত ছোটো? (a) ৪৫০ (b) ৫০০ (c) ৫৫০ (d) ৬৫০
- 43) রহিমদের গ্রামে ২১৭ জন নিরক্ষর ছিলেন। সাক্ষরতা কেন্দ্রে মোট ১০৮ জন লেখাপড়া শিখেছেন, এখন গ্রামে কতজন নিরক্ষর আছেন?
(a) ২০৯ জন (b) ১০০ জন (c) ১০৯ জন (d) ১১০ জন
- 44) একজন লোক মাসে ৭০,০০০ টাকা আয় করে এবং ৫৫০৯৫ টাকা খরচ করে, তবে মাসিক সঞ্চয় কত?
(a) ১৫৯০৫ টাকা (b) ১৪৯০৫ টাকা (c) ১৪০০৫ টাকা (d) ১৪৯৯৯ টাকা
- 45) প্রিয়ার কাছে ৩০ টি লেবু ছিল। প্রিয়া আরোও ২ ডজন লেবু কিনলো। প্রিয়ার কাছে মোট কয়টি লেবু আছে?
(a) ৪৪ টি (b) ৫৪ টি (c) ৬০ টি (d) ৬৪ টি
- 46) ২ টাকা থেকে ৮৯ পয়সা নিলে কত পয়সা থাকবে?
(a) ১১১ পয়সা (b) ১২১ পয়সা (c) ১১ পয়সা (d) ১ পয়সা
- 47) 'রাম' + ২০ = ৫০ হলে, 'রাম'- এর মান কত? (a) ২০ (b) ৩০ (c) ৫০ (d) ৪০
- 48) একটি ঘড়ির ছোটো কাঁটাটি ১১ ও ১২ ঘরের ঠিক মাঝখানে ও বড়ো কাঁটাটি ৬ এর ঘরে থাকলে ঘড়িতে সময় কত হবে?
(a) সাড়ে দশটা (b) সাড়ে এগারোটা (c) সাড়ে বারোটা (d) দেড়টা
- 49) কুচবিহার থেকে দিনহাটা ২৫ কিমি। কুচবিহার থেকে তিনবার দিনহাটা যাতায়াতে মোট কত পথ অতিক্রম করতে হয়?
(a) ৭৫ কিমি (b) ১০০ কিমি (c) ১৫০ কিমি (d) ৫০ কিমি
- 50) পার্থ ও অমিতের কাছে সমান পয়সা আছে। পার্থ অমিতকে ৪ পয়সা দিলো। এখন অমিতের পার্থর থেকে কত পয়সা বেশী হল?
(a) ৪ পয়সা (b) ২ পয়সা (c) ৮ পয়সা (d) ৩ পয়সা
-